

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## **Press Release**

April 16, 2013

### **Environment Minister had important meetings with US State Department officials in Washington DC**

On April 16, 2013, Hon'ble Minister for Environment and Forest Dr. Hasan Mahmud, MP held a series of meetings in Washington, D.C. with high level officials of the US Department of State and USAID. Bangladesh Ambassador to the USA, H.E. Mr. Akramul Qader accompanied the Hon'ble Minister in the meetings.

In the morning, the Hon'ble Minister met with USAID Deputy Administrator Donald Steinberg at the USAID headquarters. While appreciating USAID's continuous engagement with Bangladesh in combating adverse impact of climate change, he offered a run-down on the programs and actions of Bangladesh government which are being implemented with the support of the USAID. In particular reference to the recently launched USAID funded Climate-Resilient Ecosystems and Livelihoods (CREL) program, the Hon'ble Minister said that Bangladesh is mobilizing its best resources –its human capital and social network to implement climate-related strategies, and in this context, collaborative management between government and communities envisioned in CREL program is meant to be successful. USAID Deputy Administrator appreciated Bangladesh's innovations and leadership in dealing with the challenges of Climate Change and reiterated USAID's support to Bangladesh.

Following the USAID meeting, Hon'ble Minister met with Assistant Secretary of State for Oceans and International Environmental and Scientific Affairs, (OES) Dr. Kerri-Ann Jones and Deputy Assistant

Secretary, Bureau of Energy Resources, Mr. Robert F. Ichord, Jr., Ph.D. at the US Department of State. The primary issues that featured in the discussions are, among others, post 2015 global development agenda, UNFCCC's structural constraints, the future of a globally accepted mitigation regime, sustainable water resources management and utilization of green energy resources with particular reference to Bangladesh's success story in capitalizing on solar energy. The US side has shown keen interest in partnering with Bangladesh in the fields of renewable energy, water management, as well as exploring opportunities for joint study/research for low cost solutions to green technologies.

Late in the afternoon, the Hon'ble Minister met with US Assistant Secretary for South and Central Asian Affairs, Mr. Robert O. Blake, Jr. Dr. Hasan appreciated US leadership in the field of climate change and hoped that, Bangladesh, a vulnerable country, would be provided due US assistance both at bilateral and multilateral levels to fight the challenges of climate change. Bangladesh Minister gave a detailed account on how Bangladesh is trying to deal with this challenge in an inclusive and innovative manner involving different stakeholders such as government, civil society, scientists and people at large. The current political situation of the country also came up during the discussion. The Hon'ble Minister said that the government of Prime Minister Sheikh Hasina attaches great importance to the democratic and secular values. He thanked the US Government for its continued support for upholding democracy in the country. They discussed the importance of working together for combating terrorism. Mr. Blake assured US's continuous assistance for Bangladesh's fight against adverse impacts of climate change as well strengthening democracy in the country.

---

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: [bdoot\\_pwash@yahoo.com](mailto:bdoot_pwash@yahoo.com)

Phone –(202) 244-0183  
Fax : (202) 244-2771/7830  
E-mail : [bdootwash@bdembassyusa.org](mailto:bdootwash@bdembassyusa.org)  
Website : [www.bdembassyusa.org](http://www.bdembassyusa.org)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
3510 International Drive, NW  
Washington, D.C 20008

## প্রেস বিজ্ঞপ্তি

১৬ এপ্রিল ২০১৩

পরিবেশ মন্ত্রীর সাথে ইউএস স্টেট ডিপার্টমেন্টের কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত

১৬ এপ্রিল ২০১৩ মাননীয় বন ও পরিবেশ মন্ত্রী ড. হাসান মাহমুদ, এমপি ওয়াশিংটন ডিসিতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর এবং ইউএসএআইডি'র উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ বৈঠক করেন। মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের উক্ত বৈঠকসমূহে উপস্থিত ছিলেন।

মাননীয় মন্ত্রী সকালে ইউএসএআইডি'র ডেপুটি এ্যাডমিনিষ্ট্রেটর ডোনাল্ড স্টেইনবার্গ -এর সাথে প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয়ে সাক্ষাৎ করেন। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় ইউএসএআইডি'র অব্যাহত সহায়তার কথা উল্লেখ করে, মাননীয় মন্ত্রী বাংলাদেশে ইউএসএআইডি'র সাহায্যে পরিচালিত জলবায়ু সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির প্রশংসা করেন। সম্প্রতি ইউএসএআইডি'র সহায়তায় শুরু হওয়া Climate-Resilient Ecosystems and Livelihoods (CREL)- প্রোগ্রাম-এর প্রসঙ্গ উল্লেখপূর্বক মাননীয় মন্ত্রী বলেন, বাংলাদেশ মানব সম্পদ এবং সামাজিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় বেশ কিছু সময় উপযোগী বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। তিনি আশা প্রকাশ করেন, সরকার ও জনগণের ঘনিষ্ঠ সম্পৃক্ততার উপর ভিত্তি করে সৃষ্ট CREL প্রোগ্রাম নিঃসন্দেহে সফল হবে। ইউএসএআইডি'র ডেপুটি এ্যাডমিনিষ্ট্রেটর জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশের নেতৃত্বের প্রশংসা করেন। তিনি বলেন ইউএসএআইডি বাংলাদেশকে জলবায়ু সমস্যা মোকাবেলায় অব্যাহতভাবে সাহায্য প্রদান করবে।

ইউএসএআইডি-তে অনুষ্ঠিত বৈঠকের অব্যবহিত পরে মাননীয় মন্ত্রী মার্কিন পররাষ্ট্র দপ্তরের Oceans and International Environmental and Scientific Affairs (OES) ব্যুরোর সহকারী পররাষ্ট্র মন্ত্রী Dr. Kerri-Ann Jones এবং এনাজী রিসোর্স ব্যুরোর উপ-সহকারী পররাষ্ট্র মন্ত্রী

Robert F. Ichord, Jr., Ph.D -এর সাথে সাক্ষাৎ করেন। আলোচনায় দু'দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় স্থান পায়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো, ২০১৫ পরবর্তী বৈশ্বিক উন্নয়ন কর্মপন্থা, পানি সম্পদের সুষ্ঠু ও টেকসই ব্যবস্থাপনা এবং গ্রীণ এনার্জী ও সৌরশক্তি ব্যবহারে বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন উদ্যোগ। মার্কিন সরকার বাংলাদেশের সাথে রিনিউএবল এনার্জী, পানি সম্পদ ব্যবস্থাপনা এবং সীমিত ব্যয়ে গ্রীণ টেকনোলজী ব্যবহারের পন্থা উদ্ভাবনে সমন্বিত উদ্যোগ ও গবেষণা পরিচালনা করার উৎসাহ প্রদর্শন করে।

অপরূহে মাননীয় মন্ত্রী মার্কিন পররাষ্ট্র দপ্তরের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী পররাষ্ট্র মন্ত্রী জনাব রবার্ট ও ব্লেইক জুনিয়র-এর সাথে সাক্ষাৎ করেন। ড. হাসান জলবায়ু পরিবর্তন বিষয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বের প্রশংসা করেন। তিনি আশা প্রকাশ করেন, জলবায়ু পরিবর্তনের কারণে অন্যতম ঝুঁকিপূর্ণ দেশ হিসেবে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্রের কাছ থেকে প্রয়োজনীয় দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সহায়তা পাবে। তিনি বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন অভিনব পন্থায় জলবায়ুর ঝুঁকি মোকাবেলায় গৃহীত বিভিন্ন পদক্ষেপের বর্ণনা দেন। তিনি বলেন, সরকার একটি সমন্বিত পন্থা অবলম্বন করেছে এবং এ প্রক্রিয়ায় সরকারের পাশাপাশি সুশীল সমাজ, জলবায়ু বিষয়ক বিশেষজ্ঞগণ এবং সর্বস্তরের জনগণ অংশগ্রহণ করেছে।

আলোচনায় দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতির বিষয়টিও স্থান পায়। মাননীয় মন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণতান্ত্রিক ও অসাম্প্রদায়িক মূল্যবোধে বিশ্বাসী। তিনি বাংলাদেশে গণতন্ত্র সমুল্লত রাখার ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকার প্রশংসা করেন। বৈঠকে সন্ত্রাসবাদ নিরোধে দু'দেশের একযোগে কাজ করার বিষয়টিও গুরুত্বের সাথে আলোচিত হয়।

জনাব ব্লেইক বলেন, জলবায়ুর ঝুঁকি মোকাবেলার ক্ষেত্রে এবং বাংলাদেশের গণতন্ত্রকে আরো সৃঢ় করতে মার্কিন যুক্তরাষ্ট্রের অব্যাহত সহায়তা বজায় থাকবে।

---

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: bdoot\_pwash@yahoo.com

---

---